
# ***পূর্ণ সূর্যগ্রহণ – ৮ এপ্রিল ২০২৪***

**উত্তর আমেরিকায় স্বাগতম!**

একটি পূর্ণ সূর্যগ্রহণ দেখতে আমাদের দেশ ভ্রমণ করার জন্য আমরা সম্মানিত বোধ করছি, এবং আমাদের প্রত্যাশা হলো আপনারা প্রত্যেকে নিরাপদে এই চমৎকার ঘটনাটি প্রত্যক্ষ করতে সমর্থ হবেন!

*আপনাদের সুবিধার্থে আমরা এই নির্দেশনাবলী বাংলায় প্রদান করছি। এই নির্দেশনাবলী, উপদেশ এবং স্বত্বত্যাগ ("নির্দেশনাবলী")-এর ইংরেজি সংস্করণ হল অফিসিয়াল, এবং সরাসরি সূর্যকে প্রত্যক্ষ করতে সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের যথাযথ এবং সঠিক ব্যবহারের নিমিত্তে তথ্যের পূর্ণ উৎস এবং সহায়িকা। এই নির্দেশনাবলী https://tinyurl.com/2024Instructions-এ পাওয়া যাবে, এবং সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে আপনাকে অবশ্যই তা পড়তে, বুঝতে এবং অনুসরণ করতে হবে।* ***এই নির্দেশনা অনুসরণে ব্যর্থতার ফলে ব্যক্তিগতভাবে আপনার ক্ষতি সাধিত হতে পারে।***

জ্যোতির্বিদগণ এপ্রিল ০৮,২০২৪-এর গ্রহণকে "পূর্ণ গ্রহণ" বলছেন, তবে পূর্ণগ্রাস দেখতে হলে, আপনাকে পৃথিবীর খুব সরু একটি জায়গায় অবস্থান করতে হবে যা উত্তর আমেরিকার উপর দিয়ে চলে গেছে ("পূর্ণগ্রাস পরিক্রমণ পথ" বলা হয়)। যদি আপনি এই সরু পথের উপর না থাকেন, তবে আপনি শুধুমাত্র আংশিক গ্রহণ দেখতে পাবেন! তাই, আপনি পূর্ণগ্রাস পরিক্রমণ পথে আছেন কি না তা জানা খুবই গুরুত্বপূর্ণ, এবং শীঘ্রই ব্যবহার পদ্ধতি আপনাকে ব্যাখ্যা করা হবে।



*পূর্ণগ্রাস পরিক্রমণ পথ*

## দ্রুত শুরুর সহায়িকা    বিস্তারিত নির্দেশনাবলী

এই নথিতে ব্যবহৃত "সূর্য নিরীক্ষণকারী ফিল্টার" পরিভাষাটি ইংরেজি "Eclipse Glasses" বুঝানো হয়েছে, যা এই নথির প্রথম পাতায় এবং এই নথির অন্য কোথাও ব্যবহৃত হয়েছে।

সূর্যকে প্রত্যক্ষ করার জন্য আপনার সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের ব্যবহার একটি আইনগত চুক্তি সম্পাদন করে। যেকোনো সময় সূর্যকে প্রত্যক্ষ করতে সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করার সময় আপনাকে অবশ্যই এই নির্দেশনাবলীতে উল্লেখিত সকল নির্দেশনা, উপদেশ এবং দিকনির্দেশনা সঠিকভাবে এবং পুরোপুরি অনুসরণ করতে হবে। যদি আপনি সম্পূর্ণভাবে এবং সঠিকভাবে নির্দেশনাসমূহ না বুঝেন, বা সেগুলো অনুসরণ করতে না পারেন, বা যদি আপনি তাঁদের শর্তাবলীতে সম্মত না হন, তবে কখনই আপনাকে সূর্য প্রত্যক্ষ করার চেষ্টা না করার নির্দেশ এবং অনুরোধ করা যাচ্ছে।

© 2014-2024
Eclipse2024.org

# *সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের দ্রুত শুরুর সহায়িকা*

*দ্রুত শুরুর এই নির্দেশিকাটি বাংলায় লিখিত বিস্তারিত নির্দেশনার সংক্ষেপিত রূপ, যা গ্রহণ দেখার জন্য সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে হলে আপনাকে অবশ্যই পড়তে হবে, বুঝতে হবে এবং সম্পূর্ণভাবে পরিপালন করতে হবে।*

1) **Eclipse2024.org/find-times থেকে আপনার অবস্থান দেখুন, এবং সেখানে পূর্ণ গ্রহণ হবে কিনা তাহা, এবং ঐ এলাকার জন্য আংশিক ও (প্রযোজ্য ক্ষেত্রে) পূর্ণ গ্রহণের ধাপসমূহ শুরু সম্ভাব্য সময় খুঁজে বের করুন।**

2) **পূর্ণ গ্রহণ একটি দর্শনীয় ঘটনা, কিন্তু যদি আপনার অবস্থান "পূর্ণগ্রাস পরিক্রমণ পথ"–এর মধ্যে হয় - যা মাত্র দুইশত কিলোমিটারের মত প্রশস্ত হয়, তবে শুধুমাত্র তখনই আপনি পূর্ণগ্রাস দেখার অভিজ্ঞতা উপভোগ করতে পারবেন। যদি ঘটনাটি দেখার জন্য আপনার পরিকল্পিত অবস্থান থেকে পূর্ণগ্রাস দেখা না যায়, তবে আমরা আপনাকে জোরালো অনুরোধ করব যেন আপনি এমন একটি জায়গায় অবস্থান নিন যেটি পূর্ণগ্রাস পরিক্রমণ পথে অবস্থিত!**

3) **গ্রহণ দেখার জন্য সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে হলে আপনাকে সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের লেন্সের বস্তুটিকে সরাসরি আপনার চোখের উপর এমনভাবে ধরতে হবে যেন আপনার চোখ সরাসরি সূর্যের দিকে তাকানো থেকে সম্পূর্ণ সুরক্ষিত থাকে।**

4) **সূর্যের দিকে তাকানোর সময় কখন সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে হবে:**
   a. **যদি আপনার অবস্থানে পূর্ণ গ্রহণ না হয়, তবে আপনাকে অবশ্যই সবসময় সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের মধ্য দিয়ে তা দেখতে হবে। যদি আপনি চোখের যথাযথ সুরক্ষা না নিয়ে সূর্যের দিকে তাকান, তবে আপনার চোখের স্থায়ী ক্ষতি হওয়ার ঝুঁকি থাকে!**
   b. **যদি আপনার অবস্থানে পূর্ণ গ্রহণ হয়, তবে সূর্যের উজ্জ্বল অংশের যেকোনো অংশ দৃশ্যমান হলে - এমনকি তা খুব সরু হলেও, আপনাকে অবশ্যই সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের মধ্য দিয়ে তা দেখতে হবে। যদি আপনি চোখের যথাযথ সুরক্ষা না নিয়ে সূর্যের দিকে তাকান, তবে আপনার চোখের স্থায়ী ক্ষতি হওয়ার ঝুঁকি থাকে!**
      i. **তবে শুধুমাত্র পূর্ণগ্রাসের সংক্ষিপ্ত সময়ে, যখন সূর্যের উজ্জ্বল অংশের কোন অংশ দেখা না যায়, সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার না করে আপনি সরাসরি পূর্ণ গ্রহণ দেখতে পারেন।**
      ii. **বাস্তবিক পক্ষে, যদি পূর্ণগ্রাসের সময় সূর্যকে প্রত্যক্ষ করার জন্য আপনি সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করার চেষ্টা করেন, তবে আপনি কিছুই দেখতে পাবেন না!**
      iii. **পূর্ণগ্রাস শেষ হওয়ার সাথে সাথে, এবং সূর্যের উজ্জ্বল অংশ দৃশ্যমান হলে আপনাকে অবশ্যই সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহারে ফিরে যেতে হবে।**

5) **অন্য কথায়,**

**যখন সূর্যের উজ্জ্বল অংশের যেকোনো অংশ দৃশ্যমান হয়, তখন সূর্যের দিকে তাকাতে আপনাকে অবশ্যই সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে হবে!**

© 2014-2024
Eclipse2024.org

## *1) সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহারের সাধারণ নির্দেশনাবলী*



1) সাবধানে সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের মোড়কটি খুলুন (যদি প্রযোজ্য হয়)।
2) অব্যবহৃত অবস্থায় সূর্য নিরীক্ষণকারী ফিল্টারটিকে সুরক্ষিত রাখুন।
3) প্রতিবার ব্যবহারের পূর্বে সূর্য নিরীক্ষণকারী ফিল্টারটিকে পর্যবেক্ষণ করুন; যদি লেন্সের ফিল্ম ক্ষতিগ্রস্ত হয় বা তাতে কোনও প্রকার দাগ পড়ে, তবে তা ভেঙ্গে ধ্বংস করে ফেলুন, এবং তার পরিবর্তে ভাল একটি নিন।
4) যদি লেন্সের ফিল্ম কোনভাবে ক্ষতিগ্রস্ত হয়, তবে কখনই সূর্যকে প্রত্যক্ষ করতে সূর্য নিরীক্ষণকারী ফিল্টারব্যবহার করবেন না।
5) সূর্য নিরীক্ষণকারী ফিল্টার থেকে লেন্সের ফিল্মের উপাদান সরাবেন না, এবং কোনভাবেই ফিল্মের উপাদান সরানো লেন্সের মাধ্যমে সূর্য প্রত্যক্ষ করবেন না।
6) সূর্য নিরীক্ষণকারী ফিল্টারেরস ঠিকভাবে স্থাপিত এবং নিখুঁত লেন্স দৃশ্যমান আলোর ক্ষতিকর মাত্রা এবং ক্ষতিকর অতিবেগুনী রশ্মি ও অন্যান্য সৌর রশ্মিকে নিরাপদে আটকে দিবে। যেকোনো সময় সূর্যকে প্রত্যক্ষ করার জন্য, এই নির্দেশনাবলীতে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করা সম্পূর্ণ নিরাপদ। "গ্রহণ রশ্মি" বলে বিশেষ কোন রশ্মি নেই, যা গ্রহণের সময় সূর্যকে প্রত্যক্ষ করাকে বেশি বা কম ক্ষতিগ্রস্ত করতে পারে।
7) **সূর্যের উজ্জ্বল চাকতির যেকোনো অংশ দৃশ্যমান হলেই সূর্যকে প্রত্যক্ষ করার জন্য আপনাকে অবশ্যই এখানে বর্ণিত নিয়মানুযায়ী সূর্য নিরীক্ষণকারী ফিল্টারব্যবহার করতে হবে। এটি যেকোনো উৎস থেকে সংগৃহীত গ্রহণ সংঘটিত হওয়ার যেকোনো সময়ের (যেমন, উপরে বর্ণিত "C2" এবং "C3") জন্যই সত্য।**
8) সূর্য নিরীক্ষণকারী ফিল্টারকে কোন টেলিস্কোপ, দূরবীক্ষণ যন্ত্র, ক্যামেরা, লেন্স, আয়না, বা অন্য কোন অপটিক্যাল যন্ত্রে যা আলোর প্রতিফলন বা প্রতিসরণ করতে পারে, ব্যবহার করবেন না ("দৃষ্টিসহায়ক যন্ত্র")।
9) এই ধরণের দৃষ্টিসহায়ক যন্ত্র কখনও সরাসরি সূর্যে তাক করবেন না এবং সূর্যের দিকে তাক করা অবস্থায় বা কোনভাবে সূর্যের আলো একত্রে জড়ো করা, কেন্দ্রীভূত করা বা পুনঃনির্দেশিত করা অবস্থায় কোন দৃষ্টিসহায়ক যন্ত্র ব্যবহার করে কখনই সরাসরি তাকাবেন না।
10) কোন প্রাণীকে বা এমন কোন ব্যক্তিকে যিনি সাময়িকভাবে আহত, সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের নিরাপদ ব্যবহারবিধি পড়তে, বুঝতে এবং মেনে চলতে, বা আইনগতভাবে কৃত কাজের দায়ভার মেনে নিতে অক্ষম এমন কোন ব্যক্তিকে সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে দিবেন না।
11) সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহারের নিয়মাবলী:



সম্পূর্ণভাবে আপনার চোখ এবং সূর্যের মাঝামাঝি সূর্য নিরীক্ষণকারী ফিল্টারটি ধরুন, এবং সবসময় সূর্য নিরীক্ষণকারী ফিল্টারটি সম্পূর্ণভাবে আপনার চোখ এবং সূর্যের মাঝামাঝি রেখে সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের নিখুঁত লেন্সের মাধ্যমে সূর্যের দিকে তাকান। যদি সূর্য নিরীক্ষণকারী ফিল্টারটির আকৃতি কার্ডবোর্ডের চশমার মত হয়, তবে কার্ডবোর্ডটিকে আপনি এমনভাবে ভাজ করে নিতে পারেন যেন আপনি স্বাভাবিক চশমা ব্যবহার করছেন। পূর্ণ গ্রহণ না থাকলে কখনই সরাসরি সূর্যের দিকে তাকাবেন না ( তার মানে হল, নিচের তালিকায় বর্ণিত C2 এবং C2-এর মধ্যবর্তী সময়ে যদি আপনার দর্শনের স্থানের ক্ষেত্রে তা প্রযোজ্য হয় ), যদি না আপনি সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের নিখুঁত লেন্সের মধ্য দিয়ে তাকান।

12) সূর্যকে প্রত্যক্ষ করার চেষ্টা করলে চোখের সুরক্ষাকারী হিসেবে আসল নির্মাতা কর্তৃক প্রদত্ত সূর্য নিরীক্ষণকারী ফিল্টারের লেন্স ব্যতীত অন্য কোন পদার্থ বা বস্তু ব্যবহার করবেন না।
13) যদি এই নির্দেশনাবলী সম্বন্ধে আপনার কোন প্রশ্ন থাকে তবে, দয়া করে https://tinyurl.com/glasses-questions-এ Eclipse2024.org-এ যোগাযোগ করুন।

*© 2014-2024*
*Eclipse2024.org*

## ** আমার অবস্থানে গ্রহণটি হল *পূর্ণ* **

আপনি পূর্ণগ্রাস পরিক্রমণ পথে রয়েছেন এবং একটি বিরল এবং চমৎকার ঘটনা উপভোগ করবেন! আপনার অবস্থানে গ্রহণটি কখন পূর্ণ হবে তা নির্ধারণ করতে পারা খুবই গুরুত্বপূর্ণ। আপনার লিখিত নিচের সময় অনুযায়ী এবং যখন সূর্যের উজ্জ্বল চাকতির কোন অংশই দৃশ্যমান থাকবে না, তার মাধ্যমে আপনি পূর্ণগ্রাসের সময় নির্ণয় করতে পারবেন।

1) আপনার সুনির্দিষ্ট অবস্থানের জন্য eclipse2024.org/find-times–এ প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে, নিচের তালিকাতে লিপিবদ্ধ গ্রহণের প্রতিটি ঘটনার সম্ভাব্য সময় লিখে রাখুন (আপনার টাইম জোনের সাথে সময় সমন্বয় নিশ্চিত করতে ভুলবেন না!):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ***C1 – এর পূর্বে*** | * কোন গ্রহণ নেই * | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| ***C1*** | **আংশিক ধাপ শুরু হবে:** | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| ***C2*** | **পূর্ণাঙ্গ ধাপ শুরু হবে:** | |  |  | **C2–এর পর,** আপনি খালি চোখে দেখতে পারেন |
| ***মধ্য–গ্রহণ*** | **সংঘটনের সময়:** | |  |  | **আপনি খালি চোখে দেখতে পারেন!** |
| ***C3*** | **পূর্ণাঙ্গ ধাপ শেষ হবে:** | |  |  | আপনাকে পুনরায় **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে হবে |
| ***C4*** | **আংশিক ধাপ শেষ হবে:** | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| ***C4 – এর পর*** | * কোন গ্রহণ নেই * | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |

## ** আমার অবস্থানে গ্রহণটি *পূর্ণ নয়* **

আপনি পূর্ণগ্রাস পরিক্রমণ পথের মধ্যে নেই এবং তাই পূর্ণ গ্রহণের সৌন্দর্য উপভোগ করতে পারবেন না। (এই উল্লেখযোগ্য অভিজ্ঞতাটি ভাগাভাগি করতে আমরা আপনাকে আপনার অবস্থানটি পূর্ণগ্রাস পরিক্রমণ পথে স্থানান্তর করার জন্য জোর সুপারিশ করি! )

1) আপনার সুনির্দিষ্ট অবস্থানের জন্য eclipse2024.org/find-times–এ প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে, নিচের তালিকাতে লিপিবদ্ধ গ্রহণের প্রতিটি ঘটনার সম্ভাব্য সময় লিখে রাখুন ( আপনার টাইম জোনের সাথে সময় সমন্বয় নিশ্চিত করতে ভুলবেন না! ):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| *C1 – এর পূর্বে* | * কোন গ্রহণ নেই * | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| *C1* | আংশিক ধাপ শুরু হবে: | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| *মধ্য–গ্রহণ* | সংঘটনের সময়: | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| *C4* | আংশিক ধাপ শেষ হবে: | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |
| *C4 – এর পর* | * কোন গ্রহণ নেই * | |  |  | আপনি **অবশ্যই** সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করবেন |

*(লক্ষ করুন যে C2 এবং C3–এর জন্য কোন সময় তালিকাভুক্ত করা হয়নি, কারণ আপনার অবস্থানে পূর্ণ গ্রহণ নেই! )*

2) **যেহেতু আপনার অবস্থানে গ্রহণটি পূর্ণ নয়, তাই সূর্যকে প্রত্যক্ষ করতে আপনাকে সবসময় অবশ্যই সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করতে হবে।** আবার বলছি, আপনি পূর্ণগ্রাস পরিক্রমণ পথে আসুন। আপনার সাথে সূর্য নিরীক্ষণকারী ফিল্টার নিতে ভুলবেন না, যেন আপনি নিরাপদে আংশিক গ্রহণটি প্রত্যক্ষ করতে পারেন!

3) বোঝার সুবিধার্থে এই নির্দেশনাবলীর সাথে চিত্রসহ ব্যাখ্যা যুক্ত করা হয়েছে।

---

*আপনাকে অবশ্যই নিচের বিবৃতিটি পড়তে হবে, বুঝতে হবে এবং তা মেনে চলতে হবে:*

**নিরাপদে ব্যবহারের জন্য, আমি সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার সংক্রান্ত সকল নির্দেশনাবলী অবশ্যই মেনে চলব।**

**সূর্যকে প্রত্যক্ষ করতে আমি সবসময় অবশ্যই সূর্য নিরীক্ষণকারী ফিল্টার ব্যবহার করব।**

© 2014-2024
Eclipse2024.org

